যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ২০ কলাম ৬ ......

NOV. 02

# নওগা জেলা ছাত্রদলের নতুন কমিটি

যুগান্তর রিপোর্ট

মামুনুর রহমান রিপনকে সভাপতি ও ফরিদুজ্জামান ফরিদকে সাধারণ সম্পাদক করে ছাত্রদল নওগাঁ জেলা শাখার নতুন কমিটি গঠিত হয়েছে। গতকাল স্থানীয় টাউন হল মিলনায়তনে অনুষ্ঠিত সম্মেলনে এ কমিটি গঠিত হয়।

ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক আজিজুল বারী হেলাল সম্মেলনের উদ্বোধন করেন। বায়জিদ হোসেন পলাশের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরও উপস্থিত ছিলেন নাজিমুদ্দিন আলম এমপি, খায়রুল কবির খোকন, ফরহাদ হোসেন আজাদ, আবদুল কাদের ভূয়েল, মিজানুর রহমান খোকন, নাজমুল হক সনি প্রমুখ।

বৃহস্পতিবার দিনাজপুর হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন উদ্বোধন করেন কেন্দ্রীয় ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আজিজুল বারী হেলাল। পরে কাউন্সিল অধিবেশনে মোরশেদুল আলম সরকারকে সভাপতি এবং জুনায়েদ উল নূর টুকে সাধারণ সম্পাদক করে বিশ্ববিদ্যালয় কমিটি গঠন করা হয়।